যুগান্তর

তারিখ ... ০১ 2002
পৃষ্ঠা ২ কলাম ৩

# ঢাবি পরীক্ষায় নকল : ৬ বছরে সাড়ে ৫ হাজার বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার পর নকলের কালো থাবা বিশ্ববিদ্যালয়কেও গ্রাস করেছে। গত ৬ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় ৫ হাজার ৫৬৩ জন ছাত্রছাত্রীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত এ ছাত্রছাত্রীদের কাছ থেকে ৩ লক্ষাধিক টাকা জরিমানাও আদায় করা হয়। এসব পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট পরীক্ষা বাতিলসহ পরবর্তী এক বা একাধিক বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে একথা জানা গেছে।

জানা যায়, গত শিক্ষাবর্ষে (২০০০-২০০১) অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বিভিন্ন বিষয়ের অনার্স, মাস্টার্স, এমবিবিএস, বিডিএ, বিএইচএমএস, এমফিল, এমপিএইচসহ সর্বমোট ৫৩টি পরীক্ষায় ১৭৭ জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করে ৬০ হাজার ৫০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি বহিষ্কৃত হয়েছে এমবিবিএস পরীক্ষায়। এ পরীক্ষায় ৩৩ জনকে বহিষ্কার করা হয়েছে। এর আগের বছরও এই পরীক্ষায় ৫০ জন বহিষ্কৃত হয়েছিল। এছাড়া বিভিন্ন বিষয়ের অনার্স (প্রথম, দ্বিতীয়, তৃতীয় বর্ষ) পরীক্ষায় ৬৯ জন, মাস্টার্স পরীক্ষায় (প্রথম ও শেষ পর্ব) ২০ জন ও এমফিলে ৩ জনকে বহিষ্কার করা হয়। এছাড়া চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে আরও মোট ১৩ জন বহিষ্কৃত হয়েছে। এর আগের শিক্ষাবর্ষে (১৯৯৯ সালে) বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষায় ১ হাজার ২২১ জনকে বহিষ্কার করা হয়েছিল।